# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd. email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং-মাউশিবোদি/বিদ্যা/অনু/২০২৫/ ২৬৮০(১৬) তারিখ: ২৬/০২/২০২৫

**বিষয়: নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১. অত্র শিক্ষা বোর্ডের ১৫/০১/২০২৫ তারিখে অনুষ্ঠিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির ৬ষ্ঠ সভার সুপারিশ।
২. অত্র শিক্ষা বোর্ডের ২২/০১/২০২৫ তারিখের ৪৯ তম বোর্ড সভায় ১৫/০১/২০২৫ তারিখে অনুষ্ঠিত মঞ্জুরী কমিটির ৬ষ্ঠ সভার সুপারিশ অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে কুড়িগ্রাম পুলিশ লাইন্স স্কুলটিতে প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২৫ হতে ৩১/১২/২০২৭ খ্রি: তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণিতে) পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচী ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতি প্রাপ্ত বিষয় সমুহ পাঠদান করতে হবে এবং স্বীকৃতির মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের লক্ষ্যে শিক্ষা বোর্ডে ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

**শর্তসমূহ:**

১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।

২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমানে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৩। নীতিমালা অনুযায়ী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলে ২০০০০০ (দুই লক্ষ) টাকা FDR স্থায়ী আমানত হিসেবে ও সাধারণ তহবিলে ১০০০০০ (এক লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে।

৪। ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/০৭/২০২৩ তারিখে প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ১৮০০০০০ (আঠারো লক্ষ) টাকা যৌথনামে। ১. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, ম্যানেজিং কমিটির সভাপতি ২. জেলা শিক্ষা অফিসার। প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা জরুরী প্রয়োজনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।

৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।

৬। বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্চ খোলা যাবে না।

৭। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৮। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।

৯। বিদ্যালয় পাঠাগারে মানসম্মত বিষয়ভিত্তিক আরো ২০,০০০ (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।

১০। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।

১১। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।

১২। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময়ে এ অনুমোদন বাতিল করতে পারে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৬/০২/২০২৫

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

প্রাপক
প্রধান শিক্ষক
কুড়িগ্রাম পুলিশ লাইন্স স্কুল, কুড়িগ্রাম
ডাকঘর: কুড়িগ্রাম, উপজেলা: কুড়িগ্রাম সদর, জেলা: কুড়িগ্রাম। EIIN-138669

স্মারক নং- মাউশিবোদি/বিদ্যা/অনু/২০২৫/ তারিখ: ২৬/০২/২৫

**অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল:**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ঢাকা-১২০৫।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৭। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুড়িগ্রাম।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১০। সভাপতি, পরিচালনা কমিটি, কুড়িগ্রাম পুলিশ লাইন্স স্কুল, সদর, কুড়িগ্রাম।
১১। পি এস টু, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১২। আই.সি.টি ইউনিট (ওয়েবসাইডে প্রকাশের অনুরোধ সহ)।
১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

Scanned with CamScanner